

Times Today BD

সিনিয়র রিপোর্টার | আন্তর্জাতিক | 26 March, 2025

বাংলাদেশ কনসুলেট জেনারেল, মায়ামিতে যথাযথ ভাবগাম্ভীর্য ও বিনম্র শ্রদ্ধায় গণহত্যা দিবস পালিত হয়েছে।

স্থানীয় সময় মঙ্গলবার (২৫ মার্চ) এ উপলক্ষে কনসুলেট প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে মিশনের সব কর্মকর্তা-কর্মচারী অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানের শুরুতেই ২৫ মার্চের কালরাত ও মহান স্বাধীনতা যুদ্ধের লাখো শহীদ এবং জুলাই-আগস্টের ছাত্র-জনতার গণ অভ্যুত্থানের সব শহীদদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়। দিবসটি উপলক্ষে প্রধান উপদেষ্টা কর্তৃক প্রদত্ত বাণী পাঠ করা হয়। মহান স্বাধীনতা যুদ্ধের ৩০ লাখ শহীদ এবং বৈষম্যবিরোধী ছাত্র-জনতার আন্দোলনের শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে ও যারা আহত হয়েছেন তাদের দ্রুত আরোগ্য লাভের জন্য বিশেষ দোয়া ও মুনাজাত করা হয়।

কনসাল জেনারেল সেহেলী সাবরীন তার বক্তব্যের শুরুতে ১৯৭১ সালের ২৫ মার্চের গণহত্যা, মহান মুক্তিযুদ্ধ ও জুলাই-আগস্টের গণঅভ্যুত্থানে নিহত সবার আত্মার মাগফেরাত কামনা করেন। গণহত্যা সম্পর্কে আলোচনা করে তিনি এ দিনটিকে ইতিহাসের নৃশংসতম ও অন্যতম নারকীয় হত্যাকাণ্ড হিসেবে উল্লেখ করেন এবং এর বিচারের আশাবাদ ব্যক্ত করেন।

একইসঙ্গে তিনি মহান মুক্তিযুদ্ধ ও জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানের চেতনাকে ধারণ করে সবাইকে একসঙ্গে কাজ করার আহ্বান জানিয়ে একটি শান্তিপূর্ণ, ন্যায়ভিত্তিক ও গণতান্ত্রিক দেশ হিসেবে বাংলাদেশকে বিশ্বের দরবারে তুলে ধরার অঙ্গীকার ব্যক্ত করেন।

স্বাধীনতা দিবস গণহত্যা দিবস

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:31

URL: <https://www.timestodaybd.com/international/77580741>